

ফতওয়া নং ৪৩০

প্রশ্ন

আমাদের গ্রামের মসজিদে ইমামের অনুপস্থিতিতে দাড়ি চাঁচা ব্যক্তি ইমামতি করে। হযরত, তো আমার প্রশ্ন - মসজিদে গিয়ে দেখি ইমামের অনুপস্থিতিতে দাড়ি চাঁচা ব্যক্তি ইমামতি করছে। এই ক্ষেত্রে আমি জামাতে শরিক হবো নাকি জামাত ছেড়ে দিয়ে একাকী নামাজ আদায় করবো ?

উত্তর:

দাড়ি চাঁচা ব্যক্তি ফাসেক। আর ফাসেক ব্যক্তির ইমামত মাকরুহ তাহরীমী। তথাপিও একাকী নামায পড়ার চেয়ে ফাসেকের পিছনে নামায পড়া ভালো। জামাতাত ত্যাগ করা ঠিক নয়। অতএব যোগ্য ইমামের পিছনে নামায পড়ার সুযোগ না হলে, একা না পড়ে দাড়ি চাঁচা ব্যক্তির পিছনেই নামায পড়ে নেবেন। (ফাতাওয়া দারুল উলুম ৩/১৯২)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।
২৬ মুহাররম, ১৪৪৬ হিজরী (02/08/2024)